প্রেমারার হাটহদ্দ।

শ্রীক্ষেত্রমোহন সেন

প্রণীত।

। গণাম, প্রারু, বিভি. নক্স, প্রানাশ্চ শভর্কাতং। জুয়ারিস্যুদ্ধনাগায় লেখিনাং জেমারা গীতং ॥

কলিকাত।।

জীযুক্ত ঈশ্বরচন্দ্র বন্ধ কোং বহুবাজারস্ত ১৮২ সংখ্যক ভবনে ন্ট্যান্থোপ যন্ত্রে মুদ্রিত। সন ১২৭০ সাল ।

ভূমিকা।

--<+≻--

প্রেমারা থেল। মত্র বঙ্গদেশে বত্রালাব্ধি প্রচলিত আছে, ও অধুনাত্র অত্র মহানগরীতে এই খেলার এমন প্রাত্তরি হইয়াছে যে ইহারার৷ কত শত জনের মর্কানাশ ও প্রাণত্যাগও হইয়াছে। এ থেলা এতেদ শীয় নহে, ফান্স রাজ্য হইতে কোন ব্যক্তি এথানে গ্রচলিত করিয়াছেন এবং ইহার প্রচলিতাবন্ধায় क्तिवल ब्रम्न ७ साधीन ल्लाक्त्व। जोरभाम औरभारम मिनाजिशीक করিবার নিমিত্ত এই থেল। থেলিতেন। পুর্বাকালে দাত্রীচা রাজাদিশের মধ্যে প্রচলিত ছিল, ও তাহালারা যে কি পর্যান্ত অনিফৌৎপত্তি হইয়াছে তাহ। মহাভারতান্তগত কুক পাওবদিগের ইতিহাস পাঠে বিলক্ষণ অবগত হওয়। যায়। প্রেমার। থেলা এই কভিপয় বৎসর বল্পদেশে আমিয়া যে কভদুর অনিটোএপাদন করিয়াছে ভাগ। আমার বর্ণন। মাপেক নহে, পাঠক মাত্রেই তাহ। বিলক্ষণ অবগত আছেন, ও একণে ইহার কোন প্রতীকার না হইলে কালেতে ইহাদার। এই বন্ধরাজ্যের যে কত মহান্ অনিফৌৎপাদন হইবে তাহ। অনায়াদেই অনুমান কর। যাইতে পারে। প্রেমার। থেলার এক অপরূপ গুল আছে, र्य हेज्यांमक वाक्तिश्लात मर्खिया छ न। कतिशा कांच हश न।। আমি কোন বিশ্বস্ত বন্ধুর এমুখাৎ শ্রবণ করিয়াছি যে দক্ষিণ বাল্লালা নিবাদী কোনহ মহাত্মা প্রেমার: থেলায় দর্মস্বান্ত করিয়া অবশেষে আপন্য পরিবার পর্যান্ত বিদর্জন করিতে স্থাক্তত হইয়াছিলেন। এবং কত শত জন আপনাপন জ্মাদারীর মৌজ। বিক্রয় করতঃ থেলা পরিচালনা করিতেন, এবং অবর্ণেয়ে সর্বান্ধ হারাইয়া মনের ক্ষেত্রে প্রাণত্যাগ করিয়াছেন।

পাঠকগণ! আমার এই কুদ্র পুস্তক মধ্যে যাহা পাঠ করিবেন মে দকলেরই উপাধ্যান ভাগ যথার্থ, অতি অল্পাংশই আমার কল্পিত। কিন্তু আমার কুদ্র বৃদ্ধি প্রযুক্ত আমি দবিশেষ রূপে প্রেমারার বিষয় লিখিতে পারিলাম না, যাহা লিখিয়াছি আপনা-দিগের মনোনীত হইলেই চরিতার্থ হইব। আমি কবি নহি, অতএব এই পুস্তক প্রচারে আমার কবিত্ব শক্তি প্রচার করা উদ্দেশ্য নহে; যাহা কিছু কবিতা ইহার মধ্যে আছে মে দকলই অতি সামান্য, কেবল আপনাদিগের স্ক্রোব্য জন্য এই প্রকারে লিখিয়াছি বিশেষতঃ এই দকল বিষয় ঐ প্রকারে না লিখিলে কথনই সাধারণের মনোনীত হয় না।

কলিকাতা, সন ২২৭০ শাল ।

শ্ৰী ক্ষেত্ৰমোহন সেন।

প্রেমারার হাটহুদু।

গীত।

বাগিণী খাম্বাজ, তাল কাওয়ালি।

এদোরে আজ প্রেমার। খেলি চার জনে। বিবলে গোপনে—

তে হাতিতে দেনে কাগজ খেলবো আনন্দ মনে।।

সাত্তা একুশ, ছক্কা আঠার, পাঞ্জা পোনের, চৌক চোদ্দ,
টেক্কা যোল, তিরি তেরো, ছুরি বারো,
গোলাম বিধি হের দশ, এগুলো ফিগ্ফ গোনে।।
তেরেস্কা কোরেস্তা, হাতে হোলে ওঁ দোশ;

কাতুরে প্রেমার:, মাছেতে মারে ফুক্শ; হলে ত্রেশ মনে ত্রাস সদ। করে গুরু গুরু; দিব তাড়া মাথ। নাড়:, যা আছে কালীর মনে॥

শুন শুন শুন সবে, প্রেমারার গুণ তবে,
কহি আমি করি বিবরণ।
প্রথমেতে চারি জন, সবে আনন্দিত মন,
সঙ্গে লয়ে কিছু কিছু ধন॥
চারি দিকে চারি জন বসিল তখন॥
কেহ বলে আন তাশ, জিতিবারে বড় আশ,
দেখি আজ কি আছে কপালে।

কেহ বা করিছে গান, কেহ বলে আন পান,
প্রাণ যায় পান নাহি থেলে।
তামাক্ দেরে কেহ বলে, কেহ হেসে পড়ে ঢলে,
কেহ বা বলয়ে হাঃ সাবাশ্।
মুখে কার বাজে ঢোল, ধাধা কিটি কিটি বোল,
এই রূপে আনন্দ প্রকাশ।
যাহার সঙ্গতি যত, অর্থ লইল সেই মত,
দূর করে মনের বিলাপ।
চারি দিকে চারি জন, হয়ে সবে যোগাসন,
করে সবে প্রেমারা প্রলাপ।

এই চারি জনের নাম—ছাতি, পাতি, রতি, মতি, তেহাতির নাম—শুক্র।

ছাতি। ব্রিং দি কার্ড স্থন্ দেরি কর কেন?
আফটার টেন ও ক্লক, আই শ্যাল নট্ প্লে কখন॥
পাতি। ওয়েট্ মাই ডিয়ার ফুেও হোয়াই সো হরি।
তাশের ভাড়া চাই এক টাকা উপায় কি করি॥
মতি। নেভর মাইন্ তাশের ভাড়া দেওয়া তখন যাবে।
নিয়ে আয় আগে তাশ তবে দেওয়া হবে॥

রতি। খেলা না হতে তাশের ভাড়া আহা মরে যাই। এফি কারে দিয়ে থাকে বল দেখি ভাই॥

শুক্র। আমার এক টাকা তেহাতি দিতে হবে। চাঁউ হলে কি কলা পোড়া হাতে করে যাবে॥

এই ৰূপে চারিজন, করে সব আয়োজন, তেহাতি তাশ তখন করিল বণ্টন॥

ছাতি বলছে—যাও যাও।

পাতি বলছে—থাক।

রতি বলছে—ধরা পড়ে।

মতি বলছে—ভাল।

ছাতি বলছে--পাঁচ সিকার খেলা।

পাতি বলছে—থেলো।

(চার্ হাতে তাশ বাঁটা হলে)

রতি বলছে—হোলো।

মতি বলছে—কি হলে৷ ভাই?

রতি বলছে—প্রেমারা।

ছাতি বলছে---(' হাঃ-সাবাশ কাগজ ' করে.

लांकिरत উर्फ) दा-मा-ता।

পাতি বলছে—তোমার কি?

ছাতি বলছে—যা থেলো।

পাতি বলছে—আর কি কার হোতে নাই,

আমার ও হোলে।।

এই্রুপে পরস্পর চার জনের আনন্দ।

কিন্তু ছাতি যদি এক হাত ছুহাত তিন হাত হার্লে,

তবে বলে কাগজ বড় মন্দ।।

ঐ যে পুকপুকুনি ধরে ওতেই করে সারা।

ছাতির তেন্তা এলে ভান্ত হয়ে বলে 'যাও কাগজ বড় স্রা'।

ত্তেস্তা কোরেস্তা, ওঁ দোশ ত্রেশ কাতুর।

এ কটা এলে প্রেমারা মারে মন করে গুর্গুর্॥

কাতুরে প্রেমারা হয় মাছেতে ফুরুশ।

এই ছটো যে বাঁচিয়ে থেলে সে খেলোয়ার পুরুষ॥
পাতি। বাঁচাও বাঁচাও তোমার বদ্লেগেছে,

দেখি কেমন করে ও রেস্ত বাঁচে।
তোমার হবে তিন সাতা এক পাঞ্জার প্রেমারা
আমি লব মাছে॥

রতি। আর কি কিছু হতে নাই সওয়ায় চাররক্ষের চারখানা।
তোমার হবে লেণ্ডুরে ফুরুশ নোর হবে মাছ ননা॥
মতি। রাখতোমার মাচ মনা ফুরুশ, যার পাড়তা যথন পড়ে।
তুমি হবে গাড়ডিল ভাই আমি মাউয়ে লবো কেড়ে॥

কেতু সেন বলে থেলা কি মজা হায় হায়। কিন্তু পরে মজা হবে ধর্লে পাহারাওয়ালায়॥

গীত।

রাগিনী থাখাজ, ভাল কাওয়ালি।

অতিশয় সাবধানে থেলো প্রেমারা, গলি গলি পাহারা। কথন কি ঘোট্বে কপালে শেষেতে হবে সারা।। থেলো অতি সাবধানে, অতিশয় সংগোপনে, যেন তারা নাহি জানে, এরদে বঞ্চিত হারা।

(अमातात राष्ट्रका

বিষম হয়েছে আছিন, কুইনে দিয়েছে গাইন, ধরে নিয়ে কর্বে ফাইন, পুলিদেতে জজের;।। নারা-মারা প্রেমারা তিন মারাতে লোক সারা।

এইৰপে চার ইয়ারে থেলেন প্রেমার।। দরজায় দারবান দিতেছে পাহার।॥ किছू पिन (थरल এরা মনের আনন্দে। পরস্পর মহানন্দ যা করে গোবিনে। কিবা বাত্রি কিবা দিন সদা ঐ ভাবনা। ছাতি। কাল্ তেরেস্তার উপর একটা ফিগ্রু কি সর্লো না পাতি। ভাই, কোরে। স্তা মোর মাটী হলো এক প্রেমারাতে। রতি। তেশ কাতুর মাটী হয় কি করে কোরোস্তাতে। পরশু রেতে এক কাভুরে 'এই বার' কোরে। হাজ্ঞার টাকা হেরে গেলেম এক প্রেমারায় নিলে মেরে क्सिन किन वम् लिर्गिष्ट किছू वूकर कारि । य मान धरत थिल मिरे मारन एकरत मति ॥ হাতে যদি মাছ হয় তো ফুরুশ মেরে লয় ৷ কাভুরে প্রেমারা মারে এতো বড় দায়॥ আর এ খেলা খেলবো না ভাই ঢের্ টাকা হেরেছি। বাবার কাছে কাল কত গালাগাল্ খেয়েছি। মতি। তোরে তো দিয়েছে গাল্ আমায় কাল মেরেছে। কাজ নাই ছেয়ের খেলায় ঢের টাকা গিয়েছে I

এইৰপে পরস্পর এ হার্চে ও হার্চে। মাজে২ নিগৃঢ় মজা তেহাতিতে নিচে॥ কতই মজা উড়্চে কত রং হচ্চে। পানের থিলি খাচে আলবালাও চল্চে। মনেতে ভাবেন না কেউ নিজের মার্গ ফাট্চে॥ কিছুদিন পরে এরা হইল নাতান। পরস্পর মনে২ করে অভিমান। কোথা গেল ধনকড়ি হয় রোষারুষি। আড়ালে দ।ড়িয়ে শুক্র মনে২ খুসি॥ মুচকে হাঁসিয়ে বলে ঘূনিয়ে কাছে এসে বসি। থেলা না হলে একবার এই খান থেকে আসি॥ এই কথা বলে অমনি তেহাতি চলিল। মনে জানে এ চারিজনে আমি সেরেছি ভাল। তেহাতি চলিল তখন আপন ভবনে। মুখেতে না ধরে হাসি প্রফুল্লিত মনে॥ বলে এ বেটাদের এখন তলা গেছে চুঁয়ে। যা কটি মেরেছি তাই ব্যবসা করি নিয়ে॥ এই কথা মনে মনে করে বিবেচনা। পরের ধনে বরের বাপে নাই কিছু ভাবনা। রাত পুয়ালে ভাব্না নাই নিত্য এসে কড়ি। সন্ধ্যা হলে যমদূতের মত ব্যাটা কেরে বাড়ী২॥ কোরোনা সামান্য জ্ঞান এ শুক্র বেটারে। জোয়ে পেলে একেবারে তার দফা সারে॥

কথন কোন্ ভাবে ফেরে বুঝে উঠা দায়।
কথন কাঁদায় কারে কথন হাসায়॥
কথন স্থপক হয় কথন বিপক্ষ।
মনে২ দেখ বেটা নহে কোন পক্ষ॥
ভক্র পক্ষ কৃষ্ণ পক্ষ ছই পক্ষ হয়।
উপর পক্ষ ধরে বেটা সব কথা কয়॥
ভোমার কাছে থাকে যখন আমায় বলে মন্দ।
আমার কাছে থাকে যখন তোমায় বলে মন্দ॥
দোগাড়ার চ্যাং বেটা বুদ্ধি অতি লঘু।
যেখানেতে যায় বেটা সে জায়গায় চরায় যুঘু॥
এমনি তেহাতির গুণ বক্জাতের শেষ।
ক্ষেতুসেন প্রমারার কহে সবিশেষ॥

গীত।

রাগিণী পুরবি, ভাল জং।

মরি হার হার।
আপনি না মজিলে কে কারে মজার।।
পরের বেদনা কতু পরে কি জুড়ায়,
বুঝে না করিলে কর্ম্ম ঘটে বিষম দার।
মৌধিক প্রেমচাতুরি লোকেরে জানায়,
প্রেমারার হেরে সব করে হার হার,
প্রভাত হইলে যেন মরা দানো পার।।

y

এই প্রকারে চারি ইয়ারে কিছুদিন খেলে।
এদের নগদ টাকা যা ছিলো তেহাতিতে এবং তাশ
মেজ্তে নিলে॥
মাঝে মাঝে ছুই চারি আনা কেহহ পেটেও খেলে॥
অবশেষে স্ত্রী পু্জের গহনা গাঁটী ঘটি বাটি যা ছিল,
কামে কামে সকলগুলি বিকায় হোলো।

ক্রমে ক্রমে সকলন্তাল বিক্রম হোলো। হয়ে কি হোলো না ঐ প্রেমারাতে গেলো॥ যথন গেলো তথন সবে বল্ছে হায় হায়। এমন থেলা শিথে ছিলাম এত বড় দায়॥

মতি বল্ছে ছি ছি আগে কি জান্তে না?

যে প্রেমারা, প্রেম-মারা ,মদমারা আর মাছ ধরা।
এ যারে খায়, সেকি আর শোধরায়।
সে একবারে অধঃপথে যায়, তারে যেমন ভূতে পায়॥
দেখি যদি শোধরাতে পারি এমন যোর দায়।
কেবল সেই জগদীশ্বরের প্রবল রূপায়॥
কেতু সেনের এই উক্তি, বসিয়ে করিল যুক্তি,
নুক্তি যদি হবে এই পদে।
ছাড় রে মনের ভ্রম, অনর্থক কেন প্রাম,
অনায়াসে মজিবে বিপদে।।
প্রেমারার নাহি স্বার্থ, অর্থ বায় হয় অনর্থ,
মস্ত হোয়ে মজে সে সময়।
যদি হয় সর্বনাশ, তরু নাহি ছাড়ে আশা,

কিসেতে করিব পরাজয়।

কিন্তু এই বিষয়ে, কত বড় চতুর, হয়ে ফতুর।
ভেবে ভেবে মরে গেল বলে কাতুর কাতুর॥
অতএব বলি ভাই থেলনা প্রেমার।।
ধনে প্রাণে মজে শেষে হইবেক সারা॥

গীত।

রালিগী কাপিসিক্স - ভাল ছব।
ভাতে ভাতে হয়ে। না।
ভাকারণ এ জনম গেন যায় না।।
পেয়েছ মানৰ জন্ম, কর ভার উচিত কর্মা,
সম্দের মাতি কর ধর্মা, অধর্মা কোরোনা।
হয়োনা রে ভাত্ত, মদা উচ্বে চিত্তে।

करत হरत यस ध धांग चोरस प्राथमा ॥

শুন শুন বন্ধুগণ করি সবে নিবেদন,
প্রেমারা খেলনা কদাচিত।
বুদ্দি যদি থাকে সুন্ধা ভেবে ভেবে পাবে দুংখ,
হিত যুচে হবে বিপরীত॥
মনে হবে ওঁ দোশ লোকে সদা দিবে দোয,
তোমার দোয পড়বে সদা মনে।
তেরেস্তার উপরে সরলো তিরি কাগজের যাই বলিহানি,
নিদ্রাযোগে দেখিবে স্থপনে॥
বাপ খুড়া কিয়া দাদা, সকলেতে বল্বে গাধা,
ভেদার মত থাক্তে হবে বসে।

মনে হবে কত ধারা, কাতুরে মার্লে প্রেমারা,
তবে আর শোধরাবে কিসে॥

এমনি প্রেমারার গুণ, হৃদয়েতে ধরে ঘুণ,
খুন হয়ে কেই মরে শেষে।
কেই বেচে বাজি ঘর, চলে যায় দেশান্তর,
কপ্নি পরে ফেরে দেশেই॥
এই কর্মা যেবা করে, ভিটেতে তার্ ঘুযু চরে,
মান যুচে হয় অপমান।
ধিক্ ধিক্ একর্মো ধিক্ যে করে তাহারে ধিক্,
থিক্ অধিক আমার জীবন॥
কহিতেছে ক্ষেতুসেনে, শুন সব বন্ধুগণে,
প্রেমারায় নাহি কোন রম।
আপ্রা আপ্রি হয় দ্বন্দ সকলেতে বলে মন্দ,
যশ ঘুচে হয় অপযশ॥

গীত।

রাগিনী ভৈরবি--তাল আড়া।

আমায় পার কর শহরী, এদায়ে পার কর শহরী।
প্রেমারা সাগরে গড়ে ভুবেমরি, দয়াকরে রাথ দিয়ে চরণ তরী।।
তেরেন্তা তরন্ধবহে, কোরেন্তা কুন্তীর তাহে,
কাতুর মৎস্য ধরে, আমায় ভুবায় তারা।
ভুবায় তারা বল মা কি উপায় করি।।
ক্ষেতু সেন এই ভেবে সারা, ওঁ দোশেতে হলেম হারা।
তেশ বাতাসে তাস বড় ভুবি পাছে।
ভুবি পাছে দেখে নদীর ভুফান ভারী।।

(धर्मात्रीत श्रिक्त।

- ক—এতে মা করণা করি রূপা কর দাসে।
 কর্বোনা প্রেমারা থেলা লোকে সদা দোযে॥
 খ—এতে মা থেলে মোর হইল প্রাণান্ত।
 ফমা করে ফেমাঙ্করী কর এতে ক্ষান্ত॥
 গ—এতে মা গদ গদ সদা হয় গাত্র।
- গ—এতে মা গদ গদ সদা হয় গাত্র। গগন পানে চাই সদা ভাসি নীরে নেত্র॥
- য—এতে মা যুচাও মোর মনের ঘোষণা।

 যুম হয়না দিবানিশি প্রেমারার ভাব না॥
- ৬ এতে মা ঙা ওঁ করে দেখি যে স্থপন।
 ৬ দেশের সঙ্গে হয় কথোপকথন॥
- চ—এতে মা চাতুরী কেন কর বারয়ার। চলিব না আর ও চালেতে দেঃহাই তোমার॥
- ছ—এতে মাছট ফট করে সদা মন।
 ছর-আজ্ফিগরু করে করি গো রোদন॥
- জ—এতে যাতনা কেন দাও মা আমায়। এজ্বালা যে সইতে নারি জ্বলে প্রাণ যায়॥
- ঝ—এতে মা ঝিম ঝিম সদা করে অঙ্গ। ঝিমুই বসে দিব:নিশি লোকে দেখে রঞ্গ।
- এ এতে মা না স্বরে বাণী কেবল করি এগাই। ওঁদোশ ত্রেশ কাতর সদা এই ভাবনা।।
- ট—এতে মা টাকা নিতে সকলেতে পারে। টেলে দের মা আমার বেলা যথন ভারা ধারে॥
- ঠ—এতে মা ঠকার করে এই মনে হয়। ঠা ওরাই শেষে বিরলে বসে মনে ভয় হয়॥

ড — এতে ভূবিও না মোরে এইবার মা রাখো।
ভুবে মরি ভুফান ভারি একবার চেয়ে দেখ।

ঢ—এতে মা ঢাকো দোষ ঢলাব না আর।

ঢলাবার মূল তুমি কি দোষ আমার॥

ণ—এতে নাশয়ে মা গো দ্রুত বহে শ্বাস। না সরে বদনে বাণী উষ্ণ শুদ্ধ রস।

ত—এতে মা তারিণী মোরে তার গো শঙ্করী। তত্ত্ব জ্ঞান দিয়ে দাও ভবপার করি॥

থ—এতে মা থাকি যদি বিরলেতে বসে। থেকে থেকে লাগে মোরে প্রেমারার দিশে॥

দ—এতে মা দুর কর মনের কুমতি। দয়া করি যুচাও আমার এ তুঊমতি॥

ধ—এতে মা ধরি চরণ ধরাতলে পড়ি। ধার্ধা করে উপায় করি প্রেমারায় যায় কড়ি॥

ন—এতে মা না সরে বাণী যথন হেরে যাই। লাঞ্ছনা গঞ্জনা ঘরে কত বসে খাই॥

প—এতে পার্ব্বতি মোরে দাও মা সুমতি। পড়েছি প্রেমারার হাতে কেড়ে লয় পাতি॥

ফ—এতে মা ফাপরে পড়ে ডাকিগো তোমায়। ফাল্গু নদী হয়ে তারা রাখগো আমায়।

এতে মা বদনে সদা বল্বো গঙ্গে গঙ্গে।
 ব্যথায় ব্যথিত কেহ নাহি যাবে আমার সঙ্গে॥

ভ—এতে মা ভৈরবি মোর ঘুচাও মনের ভয়। ভাবনা দিওনা ভবে যেন সুখে প্রাণ যায়।

- ম —এতে মা মোক্ষপদ পাই যেন মোলে।

 মনোবাঞ্ছা সিদ্ধ কোরো মম মরণ কালে॥
- য—এতে যেন মা যায় জাহ্নবীর জলে। যতনের এজীবন ত্যজিব সফলে॥
- র—এতে মা রৈতে আর বাসনা নাই ঘরে। রাত পোহালে ছুদিন হবে যত্ন করি কারে॥
- ল—এতে মা লালচ আর রেখনা মোর মনে।
 লযু পাপে গুরুদণ্ড সকলেতে জানে॥
- ব—এতে বসে সদা কর্বো তব নাম। বাজ্বে ভক্ষা যুচ্বে শক্ষা পাব মে ফাধাম॥
- শ—এতে মা শপেছি প্রাণ তব শ্রীচরণে।
 শমনে নাহিক শঙ্কা তোমার শরণে।
- য—এতে যোড়শোপচারে তোমারে পূজিব। যোড়শাঙ্গ জ্বালিয়ে তোমায় আফ্রাদিব॥
- স—এতে মা সদা ভূমি হৃদি পত্মে বসি। সদত নাশহ শত্রু করে ধরে অসি॥
- হ—এতে হয়োনা মাগো নির্দায় জননি। হব জয়ী তব নামে পুরাণেতে শুনি॥
- ফ-এতে মা ক্ষমা কর ক্ষমান্তরী ভারা।
 - ক্ষেত্র খেলিবে ন। আর কখন প্রেমারা॥

গীত।

রাগিণী কালাংড়া—ভাল কাও্যালি।

থেলনা থেলনা প্রেমারা।
হয়ে সারা, মাবে মারা, লোকে দিবে গঞ্জনা।।
এ থেলার নাহিক অন্ত, মতো হার তত ভ্রান্ত,
শোধরার মনে নিতান্ত এই বাসনা।
কিন্তু পরের দেনা হলে, অবশেষে যাবে জেলে,
এ তুঃথ যাবেনা মলে রয়ে শাবে ঘোষণা।।

প্রেমারার ইতিহাস।

কিছুদিন পরে ঐ চারিজন বন্ধু ছিল। তাহার এক জনার পরলোক প্রাপ্ত হইল॥ যাহার নাম ছিল মতি।

ইহাদের খেলা আর ভালৰূপ হয় না; বিশেষ তিন জন, পারেতে এক কাল জোয়ারি কাত এসে জুটে গেল, তাহার নাম আযাড়ে, সে প্রেমারা খেলে সংসার নির্বাহ করে।

বট নো অদার ডিউটি একদেপ্ট প্রেমারা।

আধাড়ে এক শনিবার রাত্রে প্রেমারা থেলে কতকগুলি টাকা জিতে আপনার বাটাতে আসিয়ে ঘোরতর নিদ্রা যায় পরদিবস বেলা ৮টা বাজে তবুও আর বাবুর নিদ্রাভঙ্গ হয় না।

জনরব কলরব কাক চড়াই ও করুতর ইত্যাদি পশ্চি-গণের ডাক কর্ণেতে শুন্ছেন, শুনে ক্রমে ক্রমে নিদ্রা-ভক্স হকে লাগ্ল, নয়ন মুদিত ছিল, নয়ন চেয়ে বল্চে, অও বেলা ঢের্ হয়েছে। যথন নিজাভক্ষ হয়ে এই কথা বলছে তথন তাহার স্ত্রী তাহাকে বল্ছে (তাহার নাম ফালগুনী)।

বলি উঠ্তে কি হবেনা, সাজ যুম কি ভাংবেনা?

এ ঘরের ভাবনা কি তুমি তিলার্দ্ধ ভাবোনা?

আযাতে । কেন প্রাণ বিধুমুখি হও হে ব্যাজার।

একটা চাহিলে এনে দিবো হাজার হাজার ॥

(উভয়েতে রস আলাপে কথোপকখন।)
গত রজনীর কথা শুন্ শুন্ শুন্ ॥

পাঁচ শত টাকা জিতেছি কাল রাত্রিতে।

আর কোন্ব্যাটারে ভয় করি, সব করে কপালেতে॥

ক'লেগুনী। যে ভাই যা জিতেছ সেই ভাল আর কোরো না বাড়া বাড়ী।

এবার এই খুজরো দেনা মিটিয়ে ফেলে
যা পাবে নাপিত ধোৱা হাড়ি।
কাল্গুনী ভাল জানে এ যে কেমন কড়ি।
এ কড়ি যার ঘরে যায় তার বেচায় বাড়ী॥
নড়ে হাঁড়ি ভেবে২ শরীর হয় দড়ি।
অঙ্গে উঠে খড়ি, আহার অভাবে জলে নাড়ি॥
একদিন দাঁত্কপাটী একদিন যি খিচুড়ি।
যায় হরিণবাড়ী, কোটায় শুরকির গুড়ি॥
অবশেষে হাতে হাত কড়ি, এবং পায়ে দেয় বেড়ি।
এমনি এ লক্ষী ছাড়া কড়ি॥

আযাতে। যে কাল সেতা দেওয়া যাবে আজ একবার খেল্বো। আর কি আমারে কেউ জিত্তে পারে এখন সব ব্যাটারে জিত্রো॥

এই কথা বলে মনে২ বড় খুসি।
(বাজির দাসীকে ডেকে বলছে, তার নাম প্যারী)
বলি ও প্যারি একটা বড় ধামা নিয়ে আয় জল্দি করে
একবার বাজার করে আসি॥

প্যারী। আস্ছি মশায় আপ্নি এগোন পরে যাচ্চিধাসানিয়ে। অগ্রসর হইয়ে আপনি বাজার করুন গিয়ে॥

আযাড়ে। শীঘু করে আয় তবে করিস্না কো দেরি। দেখি আমি আগে গিয়েযা কিন্তে পারি॥

> এই কথা বলে তথন বাজারে চলিল। বেনের দোকানে গিয়ে চার টাকা ফেলিল॥

> > (বেনের প্রতি উক্তি)

পয়সা দে ভাই শীঘু করে ঘসা যেন থাকে না।
সকলেতে ন্যায় কেবল মেছুনীরা ন্যায় না॥
বেনে। দেখ বাবু এ পয়সা নয় যেন করকরে মোহর।
কাণাতেও এ পয়সা ন্যায় যদি থাকে টাকার জোর॥
টং করে বাজিয়ে টাকা বেনে তুলে নিল।
যোল গণ্ডার হিসাবেতে পয়সা গণ্যে দিল॥
তথন পয়সা লয়ে বাজারেতে করিল প্রবেশ।
মেছোহাটায় দুকে মাছের কচ্চে দেশাদেশ॥

(আষাড়ের মেছুনীর প্রতি উব্তি ।)
আযাড়ে। ও ভেট্কিটা তাল নয় ঐ রুইটা তাল।
কত নেবে বল বাছা সত্য করে বল ॥
মেছুনী। বাবু, বার আনার কম হবে না সত্য করে বলি।
পৌনে বার আনা বল্লে তোমায় দিব গালি ॥
নেবার হয় তো বৌনি বেলা দর বাড়বে বলো।
আযাড়ে তথন বার আনার মাছেতে একটাকা দিয়েমাছ

আযাড়ে। একি ছোট লোক পেয়েছিস্ মোরে প্রেমারার ছাতি।
তার মতন কত মেছুনির মুখে মারি নাতি।
মেছুনি। মাপকরো বাবু ঘাট্ হোয়েছে চিনিনে তোমারে।
তথন চার্টে গলদা চিংজি তুলে দিল বাবুর করে।
তথন চিংজি ধরে ডানকরে রুইমাচ বাম করে।
প্যারিং বলে তামাম্ বাজার বেড়ায় ঘুরে।
আযাড়ে। ওরে প্যারি কোথা প্যারি প্যারি কোথা গেলি।
এমন গুখেগোর ব্যাটার দাসী দোখনে, শালির ঘরের শালি।
এই কথা বলে আযাড়ে বাজারে ছুই হাত তুলে নৃত্য
ও এই গীত গাইতে লাগিল।

গীত।

রাগিণী বারেঁয়ো, তাল কাওয়ালী।
প্যারি হারালি কোথারে, আরে ওরে গুখেগোর বেটী।
ডেকে ডেকে গলা আমার গেল লো কাটী।।
ঘরে গিয়ে জুতো পেটা করবোরে বেটী।
আজ প্যারি বেটীর চক্ষের জলে ভেজাব মাটী।।

আ্যাড়ে রোষিত হয়ে কাঁপে থর থর। নগদা মুটে কোথা বলে ডাকে উচ্চৈঃস্বর ॥ मूटि मूटि मूटि वटल जाटक घन घन। পেয়ে সাড়া হয় খাড়া মুটে এক अन ॥ কি যাবে গো মহাশয় বলে এল ছুটে। শিরে ঝাঁকা করে বলে আমি চেনা মুটে। ভাল ভাল বলে তাতে মাছ তুলে দিল। তার পরে মুটেরে সে কহিতে লাগিল। অরে মুটে ইচ্ছা আছে করিতে বাজার। আরো, তবে দেরি হলে না হোস ব্যাজার ॥ এক আনাতে দিব আমি ছু আনা তিনানা। করিস্না মনে তুই সে কোন ভাবনা॥ মুটে বলে বাবু তার না করি ভাবনা। আপনি যে ভদ্ৰ লোক দেখে যায় চেনা॥ ক্ষেত্র সেন বলিতেছে বাবুরে জান না। জুয়ারির শেষ ইনি দিনে রেতে কাণা।। বেগুৰ্ণ আলু উচ্ছে পটল যা দেখে নয়নে। এক পয়সায়, ছু পয়সা দিয়ে লয় কিনে ॥ ভুনুর শশা থোড় আমড়া নাহি যায় বাকি। কড়ির জায়গায় পয়সা দিয়ে পোরে মুটের ঝঁiকি ॥ এই ৰূপে ক্ৰয় করে যা দেখে নজরে। কমলালের মূলা কলায় ঝাকি বোঝাই করে॥ এইৰূপে বাজার করে লয়ে এলো ঘরে। গণ্ডাদশ পরসা দিয়ে মুটে বিদার করে॥

পরসা পেয়ে মুটে ভয়ে হয়ে জবুথবু।
পথে এসে বলে এটা কাছাখোলা বাবু॥
আবাড়ে বাজার করে ফিরে এসে ঘরে।
বলে ওলো কালগুনি চেয়ে দেখ ফিরে॥
চিংড়িতে কালিয়া কর রুইমাছে ঝোল।
শোল্ মাছে কাঁচা আমে একটা অয়ল॥
আছা বলে কাল্গুনী তখন বসে গেল রাস্তে।
হাঁড়ি চড়িয়ে গিয়ি, মান্চেন সিয়ি, বলছেন প্রভু
আজ আমাদের কর্তা যেন পারেন কিছু আস্তে॥

আজ আমাণের কপ্তা থেন পারেন। কছু আপ্তেমা সে কেবল মনের ভাতের, কি করে ভালবাসে কান্তে। তা না হলে এক্কালে যমালয়ে যেত আযাড়ে জিয়ান্তে। অন ব্যঞ্জন প্রস্তুত করে কাল্গুনী ডাকিছে। আন্তে আজ্ঞা হন, করুন ভোজন, সব রসুই হয়েছে। কাল্গুনীর পেয়ে সাড়া আযাড়ে খাড়া, হেঁসে দিচ্চে

খট মট করে চলে এল বেটা যেন ঘোড় দৌত্তের ঘোড়া।

আষাড়ে। বেলা তের হয়েছে, কটা বেজেছে, দেরি হয়েছে রাস্কে।

ফাল্গুনী। তা আমার কি দোষ, সব তোমার দোষ, তুমি যে দেরি কর্লে জিনিস পত্র আন্তে॥

তোমার কাছেতো যশ নাই চিরকাল্ট। ছলি। বিয়ের কালে এসে অবধি হলো হাড় কালি। কোন্ কালে বা স্থা দিয়েছ যে আজ হবে মোর সুখ।

এ অভাগীর কপালে হরি চির দিন বিমুখ।

তথন ফাল্গুনীর শুনে কথা, আষাড়ে ব্যাথা, পেলেন

বড় মনে।

" আর অভিমান করোনা ধনি" বলে বসে গেলেন ভোজনে॥

ভাত থান কি ছাই খান তার কিছু ঠিক নাই।
প্রাণের ভিতর হচ্চে সদা কখন থেল্তে যাই।
তাড়াতাড়ি করে আযাড়ে, কশে ঝুরো নিলে।
ডালে, ঝোলে, অয়লে কোরে, গাণ্ডে মুণ্ডে থেলে।।
পান নিয়ে আয় জল্দি করে, কাপড় পরে, আযাড়ে
বল্ছে।

ফাল্গুনীর গড়তে পান, এর বেরচেচ প্রাণ, বলে থেলা বুঝি এতক্ষণে চল্ছে॥

এই নাও পান, ফাল্গুনী তখন, দিল কর্দ্তার হাতে। পান মুখে দিয়ে, আষাড়ে বলে, আজ আসবো অনেক রেতে॥

এই বলে আষাড়ে তথন করিল গমন।
পূর্ব্ব পশ্চিম কোন দিক নাহিকো স্মরণ॥
বেগেতে চলেছে যেন পবন নন্দন।
'হণ্ডে্ড হর্স পাওয়ার যেন টেুনের গমন॥'
ওয়ান হর্স পাওয়ার যদি টে্নেতে পোরে।
মনুষ্য কি তার সম চলিবারে পারে॥

মন টুেনের কাছে আর কোন টুেন নাই।

ঘরে বসে এবিদ্দাবন সদা দেখতে পাই॥

মন যদি ভাল হয় সব ভাল হয়।

বিপদে হবেন ঈশ আপনি সহায়॥

গীত।

রাগিণী বাবোঁয়া—ভাল জ্ব।

ক্রতগতি, বেগে অতি, চলেছে আমাড়ে।
প্রেমারার সভাতে গিয়ে দেখে আড়েই।।
থেলতে আছ্য়ে সাধ্য কারে না রাকাড়ে।
ক্রিজ্ঞাসা করিলে না না কোরে মাথা নাড়ে।।
মুখেতে সেতার বাজে ডারে ডারে ডারে।
প্রেমারা যে থেলে তার ভেল্কি লাগে হাড়ে।।

এমতে আবাড়ে চলে হোয়ে হৃষ্ট মন।
প্রেমারা সভাতে গিয়ে উপনীত হন॥
দ্বারেতে না ফেলিতে পা সবে বলে এসো।
কিন্তু মনে কচে বেটার ঘামিয়ে দেবো ঘেশো॥
কাল নিয়ে গ্যাছে পাঁচশো টাকা, আজ আবার
দিয়ে যাবে।

বেনো জল ঢুকেছে যরে কভক্ষণ রবে।
এইৰপে সকলেতে করে আন্দোলন।
ছাতি তথন বল্ছে আর দেরি কি কারণ।
পাতি বলছে বসে যাওনা মিছে কর দেরি।
দশ গণা টাইম করলে রাত্ হবে ভারি।

আষাড়ে বলছে দশ গণ্ডার কম কোন্ শালা খ্যালে, তবে ঘরে ফিরে যাই। রতি বলছে আচ্ছা থেলো তাই দেখি সই দশ গণ্ডাই॥ হলো হলো এক্টু রাত্ তার বা ক্ষতি কি। লোক উপরোধে ঢেঁকি গেলে, আমরা এই কথাটা

এই কথা বলে এরা বসে গেল খেল্তে।
তেহাতি শুক্র কাণা, দেখতে পায় না সে অমনি উশ্কে
দিক্ষে প্রদীপের শল্তে॥

উজ্জ্বল করিয়ে দীপ কাগজ চালায়।
কেহবা জিতে কেহবা হারে উভয়ে উভয় ॥
পরেতে লেগেছে বদ আবাড়ের হাতে।
এক মাছে ফুরুশ মার্লে যথন তথন বল্ছে আগুন
লেগেছে এ কাতে॥

আট কড়া পড়েনি তথন দেড়শত টাকা হেরেছে।
বারো কড়ার বেলা আবাড়ের চারিশত টাকা উঠেছে।
মনের ভ্রম ঘোচেনাকো মনে করে কেরাবো।
তা না হলে এক বারে অধঃপথে বাবো॥
হারিয়ে যথা সঁর্বাস্থ থেলিয়ে প্রেমারা।
একেবারে বাছাধন হইলেন সারা॥
উঠিতে শকতি নাই কাঁপে কলেবর।
ছাঁহ করে বাছার এলো ভালুকের জ্বর॥
সাহসেতে ভর করে আবাড়ে উঠিল।
শ্মশানেতে মরা পুড়িয়ে যেন বাড়ি গেল॥

দাঁড়াতে শকতি নাই অমনি এসে শুলো।
শুইয়ে আষাড়ে বল্ছে তথন হায়রে কি হোলো॥
ফাল্গুনী শুনিতে পেয়ে মাথা খুঁড়ে যায়।
বলে ওমা মোর পতি কেন করে হায় হায়॥

গীত।

রাগিণী আলায়া, তাল মধ্যমান।
তোমার মনে এই কি ছিলো হে হরি।
কি করি কি করি।।
উপায় না দেখি আরু, করো হে গোরে নিস্তার,
এ যাতনা সহিতে আরু নারি।
আমি নারী কুলবালা অধিনী,
গতির জালায় চিরদিন হয়ে আছি জুখিনী,
আমার মত নাইকো হে অভাগিনী।
হরি করেছ আমারে হে কালালিনী।
পতির দায়ে প্রাণ যায়, কেবল প্রেমারা খেলায়,
সর্বস্থে ধন হেরে হোলো ভিথারি।।

কিছুদিন পরে আষাড়ে ও ফাল্গুনীর পরলোক প্রাপ্তি হইল।

আধাড়ে ফাল্গুনীর কথা এপর্য্যন্ত অন্ত। অতঃপর শুন এক বাসাড়ের রুক্তান্ত।

বাসাড়ে নামক এক বিদেশী প্রেমারাবাক্ষ, প্রেমারা থেলে যথা সর্বস্থ ফুঁকেছে, একটা পয়সা নাই যে স্থদেশে পাঠায়, বা এই বিদেশে বাসা ধরচ করে, এমত সময়ে ভাহার বাটী হইতে সংবাদ আসিল যে তাহার পিতার ঈশ্বর প্রাপ্তি হইয়াছে, পত্র পাঠমাত্র তাহার মাথায় যেন বজাঘাত হইল।

(তথন বাসাড়ে বল্ছে)---হায় বিধি একি দায় ঘটালে আমায়। এমন সময়ে কেন বধিলে পিতায়। কেন বিধি এত বাম হলে হে আমারে। এই বলে পড়ে ঢলে ভূমির উপরে। শোকে অভিভূত, নেত্রে ৰহে বারি ঘন। হায় হায় পিতা বলে করয়ে রোদন॥ ফাণে অটেতন্য হয়, ফাণে বা চৈতন্য পায়, ক্ষণে ভূমে গড়াগড়ি দেয়। करण वटल इति इति, करण वटल मति मति, ক্ষণে বলে (হায় পিতা) রহিলে কোথায়॥ এই ৰূপে কিছুদিন বহিভূতি হয়। ভাবিয়ে চিন্তিয়ে কিছু পায় না উপায়॥ ভাবে মনে হা কেমনে কি ৰূপে কি হবে। যে প্রকারে হয় কিন্তু শুদ্ধ হতে হবে॥ দেখি প্ৰভু ভগবান কি ৰূপে কি করে। শুদ্ধ হবো ভিক্ষা করে নগরে নগরে॥ পিতার হয়েছে কাল কিছু নাহি ঘরে। এই কথা বলে ভিক্ষা করে দ্বারে দ্বারে ॥ মাসাবধি করে ভিক্ষা শত মুদ্রা হয়। পিতৃত্তান্ধি হবে বলে করিল সঞ্চয়॥

উন্ত্রিশে চলেছে বাটা ঘাটের পূর্বাদিনে।
"রেথ হরি দয়া করি পিতৃহীন দীনে॥"
এই বলে বাসাড়ে চলিছে তাড়াতাড়ি।
"কাল ঘাট্কেমনে হাট্করি গিয়ে বাড়ি॥"
এই বলে দ্রুতগতি করিছে গমন।

তিনজন প্রেমারার কাত, খুঁজছে আর এক কাত, পথে করিছে ভূমণ॥ এমন সময়ে তারে দেখে ছাতি বলে।

ভাইরে আমার, আয় রে আমার, করি ভোরে কোলে॥ পাতি। আমরে যাই একি রে ভাই, হয়েছে তোমার। বাসঃ। আর নাই দিন, আজ উনত্রিশ দিন,

কাল হয়েছে পিতার।

এই এক শ টাকা পেয়েছি ভাই ভিক্ষা সিক্ষা করে।
ভাব ছি মনে কভক্ষণে পৌছিব গিয়ে ঘরে॥
রতি। বাড়ী গিয়ে আর কি আদ্ধ করবি এইতো এক্শ টাকা
দেশে যাবি লোক হাসাবি। ভুইতো বড বোকা॥
আয় চারিজনে বসে যাই যদি একবার ভোর পড়ে।
এক শয়ে এক্ষণ পাঁচ শ হবে আদ্ধে হবে বেড়ে॥

বাসাঃ। না ভাই—

এই এক শ টাকা যে করে করেছি উপার্জন।
শেষেতে কি পিতার আমার হবেনা তিলকাঞ্চন॥
ছাতি। যেমন তোর বুদ্ধি তেমনি জায়গায় বাস।
মরা গরু কথন কি খেয়ে থাকে ঘাস॥

व ज़ी शिरम किन बात वाज़िव बाशरमाम्।

Neither innocence, conscience, nor reason is sufficient to deter the wicked from their purpose H

(তথন বাসাড়ে আর কি করে)

এক বেটাতে রক্ষে নাই, তারে তিন বেটায় ঘিরেছে। মেছোকুন্ডীর হোয়ে বেটা যেন বেঁউতিজ্ঞালে পড়েছে॥

বাসাজে ভাব্ছে আর বলছে—

যা আছে কপালে আমার যাই একবার বসে। পাকা কাগজ ধরে এখন খেল্বো কশে কশে॥

(क्कडूरमन वत्न)

পাকা কাগজ ধরে থেলে কি হবে ও নিজে ব্যাটা কাঁচা।
এখন এ তিন বেটাতে করবে সারা খুলে যাবে কাচা॥
তখন ব্যাটার আদ্ধি হবে তাল, করবে পিগুদান।
অফ্রন্তা দিয়ে শেষে ভুজ্জি কর্বে দান॥
দেখ ও বেটা যে এত ছঃখে পড়েছে, আর এত ক্লেশ,

তবু কেমন নেশার জোর।

Covetous men often lose their all by unlawful attempt, to gain more II

ভাই রে লোভে কোভ, কোভে পাপ, পাপে মৃত্যু শেষ। Frugal enjoyments with peace and quietness, are preferable to luxurious pleasures attended with confusion and distress.

গীত।

রাগিণী পরজ বাহার, তাল কাওয়ালি।
নির্লুজ্জার কর্মা এই যে থেলে প্রেমার।।
কত চতুর হলো। ফতুর থেলে প্রেমার।।।
ভেবে দেখ মনে, কত শত জনে,

বেচে বাড়ী, হোলো হাড়ি, প্রেমারার গুণে, সাবধান সাবধান হও দেখে শুনে, মৃত্যু কালে কাড়ুর বলে, যেও না যেন মার। নাহি থাকে মান্য, হয় জ্ঞান শ্ন্য,

বেহায়। কান কাটার দলে করে তারে গণ্য, মদ মাতালে আর পাগলে বলে তারে ধন্য, উনপাজুরে বরা ধুরে সেই দলের মারুষ এর।।।

বাসাড়ে প্রেমারাবাজের এ পর্য্যন্ত অন্ত। অতঃপর শুন এবে পাশাড়ের রুক্তান্ত॥

একজন প্রেমারাবাজ্ যাহার নাম পাশাড়ে অর্থাং যে পূর্বের পাশা থেলায় অতিশয় নিপুণ ছিল, একলে প্রেমারা শিথে এক শনিবার রাত্রে প্রেমারা থেলে কতকগুলি টাকা হেরে আপনার বাটীতে রাত্রি ছুই প্রহর ছুইটার সময় কিরে এলেন। বিছানায় শয়ন করিয়া গায়ের ছুটফটানি ধরলে, ও যে ঘন্টা ছুই রাত্রি ছিল তাহাতে আর নিদ্রা হোলে। না, পরদিবস রবিবার প্রাতঃকালে তাহার নাপিত এসে দরজায় ডাক্ছে আর বল্ছে 'বাবুগো থেউরি হবে ?'' এই প্রকারে বার ছুই তিন ডাক্লে পাশাড়ে বিছানায় পড়ে বল্ছে কেরে ও, নাপিত ? নাপিত বলছে, আজে হুঁ৷ মশাই।

তখন পাশাড়ে বল্ছে—
দাঁড়া আমি যাই গিয়ে কামাই।
জল নিয়ে আয় জল্দি করে আবাগের বালাই।
নাপিত বল্ছে মহাশয় আপনি বেজার হন কেন।
আমি যে কোন্ সকালে এসে তোমায় ডাক্ছি ঘন২।
তোমার যে নিদ্রা ভাঙ্গে না তা আমি কর্বো কি।
আজ যা কামাছি আর কামাবোনা আমার মাহিনা
ফেলে দাও যা আছে বাকি।

নাপিত এই কথা বলাতে পাশাড়ে আরও রেগে গেছে কারণ প্রেমারায় হেরেছে।

তাহার আধথানা গাল কামান হতে হতেই নাগিতকে এক কামড় মেরেছে॥

নাপিত বেটা বাবা বলে খুর ফেলে পালাল।
পাশাড়ে তেরেস্তা তেরেস্তা করে পাগল হইল॥
পাশাড়ে পাগল হয়ে দারে বসে আছে।
হেন কালে পিতা তার বাড়িতে আসিছে॥
তাহার পিতাকে দেখে পাশাড়ে বলিছে।
এসো প্রাণ দাদা বাবা কাল্ কি মজা গিয়েছে॥
পিতা। (কি আপদ্ বেটার আবার কি রোগ্ হয়েছে।)
আমি যে তোর পিতা হই আমারে বলিস্প্রাণ।
পাশা। বাবা প্রেমারায় হেরেছি কড়ি নাহি কোন জান॥
(ইতোমধ্যে পাশাড়ের খুড়া আইল বাহিরে।
কপালেতে দীর্ঘ ফোটা হরি নাম করে॥)

পাশা। এসো মামা বোনাই খুড়া বসো আমার কাছে।
নাপিত্বেটা আমার দাড়ি চটিয়ে দিয়ে গেছে॥
(পাশাড়ে তখন আধ্খানা দাড়ি দেখাচে)
খুড়া। দূর্ আবাগের ব্যাটা একেবারে বয়ে গেলি।
হাড় কর্লি কালি ডাকেন না কালি॥
ইচ্ছা হয় কালি যাটে দি ভোৱে নবেলি।

ইচ্ছা হয় কালি যাটে দি তোরে নরবলি। প্রেমারা খেলিয়ে ওরে সর্ববস্থ হারালি॥ শেযে কিরে বুদ্ধি হারিয়ে পাগল হয়ে গেলি॥

(ক্ষণকাল পরে পাশাড়ের খুড়া পাশাড়ের পিতাকে ডেকে বল্ছে)

দাদা! তোমার ছেলে, আমার ভাইপো, চারা কি তা বল।
পাশাড়ে যাতে ভাল হয়, উপায় কর্তে হোলো॥
পিতা। এমন ছেলেতে কাজ নাই মরে গেলেই ভাল।
বেটা যে প্রেমারা থেলে সর্বাস্থ হারালো॥
শেষেতে পাশাড়ে আমার পাগোল হোলো॥

(এই বলিয়া ক্রন্দন)

কি করে সে বিধি যারে বিজ্যনা করে।

হেন করে সাধ্য আছে কে রাখিতে পারে॥

মারামারি দেখেও লোকে মারামারি করে।

বিধির লিখন যাহা কে খণ্ডিতে পারে॥

কেউ মর্ছে কেউ হচ্ছে এও তো দেখ্তে পায়।

তবে কেন দন্ত করে র্থায় বেড়ায়॥

ভগবানের এমনি মায়া ফেলে মায়াজালে।
চারিদিক্ অন্ধাকার দেখান সকলে ॥
মায়ার স্থাটি করেন মায়ার সাগার।
তাঁর কাছে কোন মায়া নাহি অগোচর ॥
এ যে ভগবৎ মায়া বুঝে উঠা দায়।
ছেলে হাজার দোধী হলে পিতা না খেদায়॥

পরে পাশাড়ের পিতা পাশাড়ের খুড়াকে ডেকে বল্ছে। ভাই, এক্ কর্মা করা যাক্, এক ইংরেজ ডাক্তরকে আনিয়ে পাশাড়েকে দেখান যাক্।

এই কথা শুনে পাশাড়ের খুড়া ডি-জানি নামক এক জন ডাক্তরকে চিঠি লিখ্ছেন:—

My dear Doctor,

Please give call at my house as possible as soon t

My nephew is very sick, ধরেছে তারে প্রেমারার খুন।

ডাক্তর চিঠি পড়ে, মাথা নেড়ে, হইল অজ্ঞান।
বল্ছে প্রেমারা, is what sick can't understand।
এই বলে কেতাব খুলে দেখিতে লাগিল।
Nonsensical কেতাবেতে ৪৯ পাতে এই ব্যাধি ছিল।
৭২ পাতে এর ঔষধ লেখা ছিলো ভাল।
তাই দেখে জানি সাহেব মনস্থির করিল।

(জানি সাহেব তাঁহার গোলাম আলি কোচমান প্রতি)

সানি। গোলাম আলি জল্দি কর্কে তেয়ার কর গারি।

যানে হোগা এক পেশান্ট দেখনে বেমার বড়া ভারি॥

অর্ডার পেয়ে গোলাম আলি গাড়ি সাজাইল।

জানি সাহেব পোসাক্ পরে গাড়িতে বসিল॥

(বসে বল্লে চালাও ইউ)

গড় গড় করে গাড়ি এলো যথা রোগী ছিল।

ডাব্রুরকে দেখে পাশাড়ে লাফিয়ে উঠিল॥

(পাশাডে জানি সাহেব প্রতি)

You see what sick am I, all men to me abuse.

This complaint will vex long until you take leave from sun and moon.

এই কথা শুনে পাশাড়ে চমক্ হইল ।

'ও মাই ডাক্তর্ ইহার ঔষধ কি বল ॥

আমার সর্বাস্থ গেল কিসে হবে ভাল ।''

এই বলে এক লাফ মেরে জানির ঘাড়েতে পড়িল ॥

জানির কিছু শক্তি ছিল ভাই বেঁচে গেল।

এক ঝাপটা মেরে পাশাড়েকে ভূমিতে ফেলিল ॥

তখন ফেলে বল্ছে—ও ইউ ড্যাম ফুল ।

কৈ হ্যায় রে ইক্ষো আছো কর্কে বাঁধকে পানিমে

ছুবাও যো পানি হোগা আছো কুল ॥

(তাহার পরে জানি সাহেব এই প্রিসক্রপসন্ দিলেন।)
ধরেছে প্রেমার যুণ, ঔষধ এর কালি চুণ,
ছু গালেতে আচ্ছা করে দেবে।
কসে মার্বে থাপ্পড়, পিঠ করবে পড়্ পড়,
তবে এই ব্যাধি ভাল হবে॥

সাত আঙ্গুল বিলিস্টার যাড়েতে বসাবে।
মাথা কামিয়ে জুতা মেরে সাচ্চা ক্রীম্ দেবে।
ডুওয়াটার্ গরম করে অঙ্গেতে ঢালিবে।
এক মাসের পচা ছুঁচো নাকেতে শোঁকাবে।
যোড়ার ডিমের তেল করে তুরগেতে দেবে।
উল্টা গাধার চড়িয়ে এরে হাওয়া খাওয়াইবে॥
রাম ছাগলের টাট্কা নাদি মাখাবে এর অঙ্গে।
এক ছুই্ট চাকর লোচ্চা অঘোর থাক্বে এর সঙ্গে॥

(পাশাড়ের খুড়া জিজ্ঞাসা কর্ছে, সর্ ইহার কারণ কি।)

জানি। ছুফু চাকর লোচ্চাঅঘোর বুদ্ধি তার ভারি।

যা বেটারে কর্তে বল তাতেই বলে পারি॥

ধরে আন্তে বল্লে পরে বেঁধে নিয়ে এসে।

চড় মার্তে বল্লে পরে গলা টেপে কসে॥

পাশাডের খুড়া জিজ্ঞাসা কর্ছে ইহাকে আহার দিব কি ? জানি। পেদোপোকার চচ্চড়ি থাবে যত দিতে পারো। দেখি আজ্কে কেমন্থাকে আই কম্টোমরো॥ এই বলে ডাক্তর্ তখন্ করিল গমন।
ক্ষেত্র সেন বন্ধুগণে করিছে বারণ॥
ভাই, প্রেমারা খেলনা কেহ ঔষধ খেতে হবে।
লাভের মধ্যে পচাছুঁচো শুঁকে প্রাণ যাবে॥

গীত।

প্রেমারার এই গুণ বয়ে যায় পাগল্ হয়।
হেরে টাক। হয়ে বোকা, শোষে করে হায় হায়।
যত টাক। হারে, ছুটে যায় ঘরে,
পরিবারের অলঙ্কার বাঁধ। দেয় পরে,
ধিক্—ধিক্—ধিক্—ধিক্ এমন খেলারে,
লোকে বলে জুয়ারি, এত বড় বিষম দায়।।

পরদিন প্রতিঃকালে, ডাক্তার উঠিয়া বলে.

'' হিঁয়া কৈ হ্যার '' ? খোদাবন্দ বলে পেয়াদা, আস্তে ব্যস্তে হয়ে কায়দা, ভুরিতে স্বরায় তথা যায়॥

খান্সামারে দেখে সাহেব কহিছে তাহারে।
গোলামআলিকো কহো গাড়ি ল্যানে বাহারে॥
আর্ডর পেয়ে খান্সামা তথন দৌড়ে চলিল।
গোলামআলির ঘরে গিয়ে ডাকিতে লাগিল॥
কাঁহা হায়ে কোচমান্ ক্যা কর্তা বোলো।
সাহেব্কা ছকুম ছয়া গাড়ি জল্দি নিকালো॥
বছত্ আছা বলে কোচমান্ সহিসে পোকারে।
জল্দি কর্কে গাড়ী নিকালো সাব্ যাগা বাহারে॥

শুনিয়ে কোচমানের ডাক্ সইস্ আইল।
কিয়া হ্যায় কোচমান্জি জল্দি কর্কে বোলো॥
গোঃ। খান্সামা বোল্ গিয়া গাড়ি ত্যারি কর্নে।
এত্না ঘড়ি কাঁহা থা তোম্কো কোন্ যাগা বোলানে॥
এই কথা শুনে সহিস সাজাইল গাড়ি।

(সাহেব এসে গাড়িতে বসে বল্ছে)

চালাও মাঁহা গিয়াথা কাল ঐ বাড়ী॥ যোভকুম্ বলে কোচমান্, গাড়ি এল এক্ মোমেণ্ট। দেখে অতি গোলোযোগ্যথা ঐ প্রেমারার পেশন্ট॥

তথন্ ডাক্তার 'জানি ' এসে কয়, কেমন্ আছে মহাশয়,
বল দেখি শুনি বিবরণ।
কাল্ দিছি এক প্রিস্কুপ্সন্, আজ্ দেবো কি মেডিসিন্,
ভাবিয়া না স্থির হয় মন॥
তথন শুনে 'জানির ' কথা, করে সবে হেঁট মাথা,
হোপলেশ্ হয়েছে বলে কয়।
'নম্ব কোর ' (৪) ডাক্তার করে, এরোগে কি শীঘু মরে,
কেন তোম্বা কর এত ভয়॥

(ডাক্তার ডি জানির লেক্চর্।)

দেখ এই প্রকার চার রোগ্ জন্মেছে ভারতে। প্রেমারা, প্রেমমারা, মদমারা, মাছধরা বলে সকলেতে॥

প্রেমার।।

প্রেমারা-কফেতে যদি সম্পূর্ণ ঘেরে।
কিঞ্চিৎ মান্-ভয় বাই যদি সংযোগ করে॥
ফূণা-পিত্তি যদি কিছু থাকয়ে অন্তরে।
পাথরে আছ্ড়ালে কভু সে রোগী না মরে॥

প্রেমারা কফেতে যদি যেরেছে রোগিরে।
মুদ্রা চেফা নিরবধি হতেছে অন্তরে॥
মান বাই কিছু নাই শরীর প্রসঙ্গে।
অপমান পিত্তি কেবল বহিছে তার অঙ্গে॥
তবে সে জানিবে রোগির মরণ নিশ্চয়।
কহে বৈদ্য দেখি সদ্য কিরূপে কি হয়॥

েপ্রম-মার।।

প্রেম-মারা বিষম ব্যাধি অস্তরের রোগ।
বাহিরে ফুটিলে হয় কিছুদিন ভোগ॥
অস্তরে ফুটিলে তারে নানা রোগে ধরে।
বিচ্ছেদ কফেতে তার সর্ব্ব অঙ্গ যেরে॥
কিঞ্চিৎ প্রণয় বায়ু যদি যোগ্ হয়।
তবে সে মরেনা রোগী জানহ নিশ্চয়॥
অপ্রণয় কফ্ যদি অস্তরেতে বহে।
কিঞ্চিৎ প্রণয় বায়ু নাহি থাকে দেহে॥
মনান্তর পিত্তি যদি বহে তার কায়।
তবে সে নিশ্চয় রোগী যমালয়ে যায়॥

মদমার।।

মদ্মারা কুচুটে পীড়া, শ্লেষ এর খানায় পড়া,
পিন্তি এর ভাইকে বলা শালা।
লক্ষা বাই যদি না থাকে, তবে রোগী যায় বিপাকে,
বাঁচান তায় হয় বিষম স্থালা॥
ধরেছে মদমারা রোগ, লক্ষাবাই হলে যোগ,
খানায় পড়া শ্লেষ তাড়ায়।
রোগ শান্তি নাহি হয়, যাবৎ জীবন রয়,
পালা স্বরের মত দেহে বয়॥

মাছধর।।

মাছ ধরা সকলের ওঁছা সাঁচা রোগ নয়।
গ্রীম্মকালে প্রবল হয় জাড়েতে পলায়॥
বর্ষাকালে রৃদ্ধি কিছু যার শরীরে ধরে।
শ্রেম্ম এর না সাঁতার জানা জলে ভুবে মরে॥
বাই ছিপ্ যদি তার দেহ করে রয়।
পিত্তি হুইল যদি তাতে শুতে।ভরা হয়॥
তবে সে শ্রেম্ম তার কি করিতে পারে।
বুঝে দেখ জ্ঞানী জন সে রোগী না মরে॥

(তথন শরিক্ নামক এক জন প্রেমারাবাজ্ডাক্তর ডি জানির লেক্চর শুনে বল্ছেন।) শরিক্শুনিয়ে বলে ডাক্তর লেক্চর। আমার হয়েছে বড় প্রেমারা ফিবর। কিসেতে হইবে ভাল কি আছে উপায়।
কি ঔষধি থেলে পরে এ রোগ্ ভাল হয়॥
বলিছে ডাক্তর শুনে শরিক্ বচন।
Sit down, T will give you a Prescription.
এই বলে প্রিস্কুপ্সন লিখিতে লাগিল।
জিজ্ঞাসা করিল এ রোগ্ কতদিনের হোলো॥
শরিক্ কহিছে তবে ডাক্তর্ নিকটে।
রোগ্ হয়েছে বছদিনের পড়েছি সঙ্কটে॥
ইএস২ বলে জানি লিখিতে লাগিল।
থেয়ে দেখে এ ঔষধি কেমন থাক বোলো॥

প্রিস্কপ্সন্।

ছ ড়াম পুরাণ ঘৃত, তিন ড়াম কাকের গু।

এ ছয়ে মিশ্রিত করে রাখিবে আগু॥

চার ড়াম মলচুর্ণ এর সাতে দিবে।

পাঁচ ড়াম বায়ুফলের গুড়ো ইহাতে মিশাবে॥

বিলাতি মোলের টাট্কা তৈল ছই ড়াম দিবে।

গাঁচটা একত্র করে এক ঔস হবে॥

থাইস ডেলি তুমি খাবে আমার ঔষধি।

শীঘু আরাম্ হবে তোমার প্রেমারাব্যাধি॥

ঔষধ খায় তায়্ ক্ষতি নাই ডাক্তর 'জানি ' বলে।

দেখ যেন প্রেমারা-জ্বে যেতে হয় না জেলে॥

এই বলে ডাক্তর তথন হইল বিদায়।

These all very bad disease fy! fy! fy!

গীত।

রাগিণী বারোয়াঁ-ভাল পোন্তা।

কি গুখুরি কাজ্ করে যে লাজ্ বল্তে লোকে। ঘরের কজি দিয়ে চোর্ প্রাণ ফেটে যায় হায় মরি শোকে। ঘরে পরে গঞ্জনা, করে কত লাঞ্জনা,

মনের আগুন্ চেপে রাখি জলে রে প্রাণ থেকেই।।

প্রেমারা খেলার হোলো এ পর্যান্ত অন্ত। অতঃপর লেখা যাবে মদ্মারার রুতান্ত॥

मञ्जूर्व ।

